

উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক

# দৈনিক সংবাদ

The Largest Circulated Bengali Daily in North-East India



DAINIK SAMBAD, 46th Year, ISSUE 303, Tuesday, 4<sup>th</sup> September, 2012

আগরতলা, মঙ্গলবার, ১৮ ভাদ্র, ১৪১৯ বাংলা, মূল্য : তিন টাকা

ইন্টারনেট সংস্করণ : <http://www.dainiksambad.net>

## রসায়নের নয়া ফর্মুলা আবিষ্কার তরুণ অধ্যাপকের

সংবাদ প্রতিনিধি, আগরতলা, ৩ সেপ্টেম্বর : রসায়নের দুটি নয়া ফর্মুলা আবিষ্কার করে রাজ্যের এক কৃষী ও তরুণ অধ্যাপকের নাম জাতীয়ভাবে আলোচনায় চলে এসেছে। ধর্মনিগর কলেজের ওই তরুণ অধ্যাপকের নাম অরিন্জিৎ দাস। রসায়নের জটিল সঙ্করায়নের 'অবলোম সলভ' করতে এমনিতে ছাত্রছাত্রীদের গড়ে ৭/৮ মিনিট সময় লাগে। কিন্তু শ্রী দাস-এর এই নয়া ফর্মুলায় প্রয়োগে এক্ষণে ছাত্রছাত্রীরা ৭/৮ সেকেন্ডেই তার সমাধান খুঁজতে পারবেন। হিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, নেত্র, বর্ধমান ও কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যেই অধ্যাপক দাস-এর এই নয়া ফর্মুলায় মান্যতা দিয়েছেন। এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলিতে অধ্যাপক দাস-এর এই ফর্মুলায় প্রয়োগের কথা তাকে জানিয়েছেন।

দেশ ও বিদেশের বেশকিছু কেমিস্ট্রি জার্নালে অধ্যাপক দাস-এর এই নয়া হাইব্রিটাইজেশান ফর্মুলায় বিয়তি গুরুত্ব দিয়ে ছাপা হয়েছে।